## এক নজরে মাদরাসার কিছু তথ্য

মাদরাসার বর্তমান ছাত্রসংখ্যা: ৬৮১৬ জন
বালিকা শাখায় বর্তমান ছাত্রীসংখ্যা: ২১২৮জন
মাদরাসার শিক্ষক ও শিক্ষিকা : ১০৬ জন
কর্মকর্তা ও কর্মচারী: ৫০ জন
ভবন: প্রশাসনিক কাম একাডেমিক ১টি, পৃথক একাডেমিক ভবন ২টি, অডিটোরিয়াম ভবন ১টি, পরীক্ষা ভবন ১টি ও আবাসিক হল ছাত্রদের ২টি, ছাত্রীদের ১টি। আরেকটি বহুতল ভবনের কাজ চলমান।

## পরীক্ষা ও মূল্যায়ণ পদ্ধতি

সকল শ্রেণিতে সেমিষ্টার পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ করা হয়। বছরে ৩টি সেমিষ্টার পরীক্ষা অনুষ্ঠিত হয়। শিশু থেকে নবম শ্রেণিতে মাসিক পরীক্ষা এবং পাবলিক পরীক্ষার্থী শ্রেণিসমূহে নির্বাচনী ও মডেল পরীক্ষা অনুষ্ঠিত হয়। সকল পরীক্ষায় 'আমল-আখলাক' এর নম্বর যুক্ত হয়। সকল বিষয়ে উত্তীর্ণ হয়েও আমল-আখলাকে উত্তীর্ণ না হলে অকৃতকার্য বিবেচিত হয়। তাছাড়া প্রথম সেমিষ্টারের সাথে পরবর্তী সেমিষ্টারের নম্বর নির্দিষ্ট হারে সমন্বয় করা হয়।

## ভর্তি সংক্রান্ত তথ্য

প্রত্যেক শিক্ষাবর্ষের শুরুতে শিশু থেকে ৮ম শ্রেণি এবং বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড ও ইসলামী আরবী বিশ্ববিদ্যালয়ের অধীনে পাবলিক পরীক্ষা শেষে অন্যান্য ক্লাসে ভর্তি প্রক্রিয়া চালু রয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষামন্ত্রণালয় ও মাদরাসা শিক্ষা অধিদপ্তরের নির্দেশনার আলোকে ভর্তির জন্য লিখিত বা মৌখিক মূল্যায়ণের মাধ্যমে বাছাই করা হয়। শিশু থেকে নবম শ্রেণির বাছাই প্রক্রিয়া প্রত্যেক শিক্ষাবর্ষের শেষলগ্নে নির্দিষ্ট (মাদরাসার ওয়েব সাইটে প্রকাশিত) শিডিউলের আলোকে সাক্ষাৎকার অনুষ্ঠিত হয়।



## ভর্তি প্রক্রিয়া

ক. মাদরাসার ওয়েব সাইটে সংরক্ষিত ভর্তির আবেদন ফরমটি সঠিকভাবে পূরণ করে যথানিয়মে অফিস থেকে এন্ট্রি করিয়ে নিতে হয়। মাদরাসার ওয়েব সাইটটি হলো: www.tm.edu.bd উল্লেখ্য, আবেদন ফরমটি পুরণ করার সময় সকল তথ্য সঠিকভাবে দিতে হবে। তথ্যগত কোনো ভুলের দায় প্রতিষ্ঠান গ্রহণ করবে না।

খ. ভর্তির বাছাই প্রক্রিয়ায় উত্তীর্ণ হলে মাদরাসায় ভর্তি নিশ্চিত করতে হয়।

গ. ভর্তির সময় একজন শিক্ষার্থীকে নিজ জন্মসনদ, পিতামাতার এনআইডির কপি, পূর্ববর্তী প্রতিষ্ঠানের ছাড়পত্র ও পাবলিক পরীক্ষার তথ্যাদি (প্রযোজ্য শ্রেণিতে) এবং পাসপোর্ট সাইজের দুই কপি ছবি প্রদান করতে হয়।

ঘ. প্রযোজ্য শ্রেণিসমূহে মাদরাসার নির্দিষ্ট ছকে অঙ্গিকারনামা জমা দিতে হয়।

ঙ. নির্দিষ্ট হারে ভর্তি ফিসহ সকল লেনদেন শিক্ষার্থীর mCash একাউন্টের মাধ্যমে পরিশোধ করতে হয়।



## ২০২২ শিক্ষাবর্ষে ভর্তি ফি ও বেতন কাঠামো

| ক্রঃ | শ্রেণি | বালক (নতুন) | বালক (পুরাতন) | বালক বেতন | বালিকা (নতুন) | বালিকা (পুরাতন) | বালিকা বেতন |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | শিশু-৪র্থ | ৫০৫০.০০ | ৪৩৫০.০০ | ৩৫০.০০ | ৫০১০.০০ | ৪৪০০.০০ | ৪০০.০০ |
| ০২ | ৫ম | ৫০৫০.০০ | ৪৩৫০.০০ | ৩৫০.০০ | ৫১০০.০০ | ৪৪০০.০০ | ৪০০.০০ |
| ০৩ | ৬ষ্ঠ-৭ম | ৫০৫০.০০ | ৪৩৫০.০০ | ৩৫০.০০ | ৫১০০.০০ | ৪৪০০.০০ | ৪০০.০০ |
| ০৪ | ৮ম | ৫০৫০.০০ | ৪৩৫০.০০ | ৩৫০.০০ | ৫১০০.০০ | ৪৪০০.০০ | ৪০০.০০ |
| ০৫ | ৯ম (সাধারণ) | ৫০৫০.০০ | ৪৩৫০.০০ | ৩৫০.০০ | ৫১০০.০০ | ৪৪০০.০০ | ৪০০.০০ |
| ০৬ | ৯ম (বিজ্ঞান) | ৬৩০০.০০ | ৫৬০০.০০ | ৪০০.০০ | ৬৩৫০.০০ | ৫৬৫০.০০ | ৪৫০.০০ |
| ০৭ | ১০ম (সাধারণ) | ০০.০০ | ৪৩৫০.০০ | ৩৫০.০০ | ০০.০০ | ৪৪০০.০০ | ৪০০.০০ |
| ০৮ | ১০ম (বিজ্ঞান) | ০০.০০ | ৫৬০০.০০ | ৪০০.০০ | ০০.০০ | ৫৬৫০.০০ | ৪৫০.০০ |
| ০৯ | হিফজ | ৫১৫০.০০ | ৪৪৫০.০০ | ৪৫০.০০ | ০০.০০ | ০০.০০ | ০০.০০ |
| ১০ | আলিম সাধারণ | ৪৩০০.০০ | ০০.০০ | ৩৫০.০০ | ৪৩৫০.০০ | ০০.০০ | ৪০০.০০ |
| ১১ | আলিম বিজ্ঞান | ৫৩৫০.০০ | ০০.০০ | ৪০০.০০ | ৫৪০০.০০ | ০০.০০ | ৪৫০.০০ |

বিঃ দ্রঃ প্রয়োজনে বেতন ও অন্যান্য চার্জ পরিবর্তনশীল। প্রকাশকাল : ডিসেম্বর ২০২১



# তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা

## টঙ্গী, গাজীপুর


আলো আঁধারিতে প্রশাসনিক ভবন


বৃহৎ একাডেমিক ভবন


বিস্তৃত পিটি মাঠ


পৃথক পরীক্ষা ভবন

### মিল্লাত সংগীত

প্রিয় মিল্লাত তুমি চিরজীবী হও
ছড়াও পৃথিবীতে সত্য বাণী
তুমি দিয়েছ মোদের এই জ্ঞানের আলো
করেছো আমাদের চির ঋণী।

যুগ যুগ ধরে তোমার দ্বারে
হাজারো নাবিক এসে করেছে ভীড়
তুমি দেখিয়েছো পথে সেই পথ হারাদের
প্রচার করে খোদার বাণী।

সত্য ন্যায়ের প্রতীক তুমি
তুমি যে শিক্ষার দিশারী
যেন তোমার আলোয় চির আলোকিত হয়
শাহজালালের এ পূণ্যভূমি।

কুরআনের আলো ছড়িয়ে দিতে
জ্বলছো শিখা হয়ে অনির্বাণ
যেন তোমার মাঝে চির জীবিত থাকে
আল্লাহু আকবার জয়ো ধ্বনি।


নান্দনিক অডিটোরিয়াম ভবন


একাডেমিক ভবন, বালিকা শাখা


ঐতিহ্যের স্বাক্ষী জামেয়ার পুকুর


নির্মানাধীন তিতুমীর হল

مدرسة تعمير الملة الكامل، طنغي

**Ta'mirul Millat Kamil Madrasah, Tongi**

www.tm.edu.bd